



Nitbusters: স্কুলে মাথার উকুন কর্মসূচী - এই সম্পর্কে পিতামাতার/সেবাদানকারীদের কাছে পাঠানো পত্র Letter to parents/carers concerning Nitbusters: Head lice in schools program

বাচ্চার নাম _____ শ্রেণী _____
Child's name _____ Class _____

Nitbusters দিনের তারিখ _____
Date of Nitbusters Day _____

সম্মতি ফর্ম ফেরত পাঠানোর তারিখ _____
Date for return of consent form _____

প্রিয় পিতামাতা/সেবাদানকারী

Nitbusters-এর লক্ষ্য হলো মাথার উকুন এবং কিভাবে এই উকুন দূর করা যায় সেই সম্পর্কে স্কুলকে, বাচ্চাদেরকে এবং তাদের পিতামাতাদেরকে শিক্ষা দেয়া।

উপরের উল্লেখিত তারিখে স্কুলে অনুষ্ঠিতব্য Nitbusters দিনে আপনার বাচ্চাকে অংশগ্রহণের জন্য আপনার সম্মতি কামনা করছি। Nitbusters দিনে সকল বাচ্চাদের মাথার উকুন পরীক্ষা করা এবং চিকিৎসা করাতে পিতামাতারা সাহায্য করতে পারে।

প্রতিটি বাচ্চাকে অংশগ্রহণ করার জন্য উৎসাহ দেয়া হয়। স্বাক্ষরযুক্ত সম্মতি ফর্ম ছাড়া কোন বাচ্চাকেই অংশগ্রহণ করতে দেয়া হয় না, আবার অংশগ্রহণ না করার জন্য কোন বাচ্চাকে কোনভাবেই দণ্ডিত করা হয় না। পিতামাতা/সেবাদানকারী এবং/অথবা বাচ্চার যে কোন সময় উকুন পরীক্ষা করা থেকে নিজেদেরকে সরিয়ে নিতে পারে। যে সকল বাচ্চার অংশগ্রহণ করছে না, তারা উকুন ও ডিম চিহ্নিত করা এবং কিভাবে এগুলোকে অপসারণ করা যায় তা শিখতে পারে।

Nitbusters দিনে অংশগ্রহণকারী প্রতিটি বাচ্চার মাথায় সক্রিয় সংক্রমণ আছে কিনা তা নির্ধারণ করার জন্য তাদের চুল পরীক্ষা করা হবে। পরীক্ষাকরণ এবং চিকিৎসা পদ্ধতির সময় সাহায্যকারী পিতামাতারা ডিসপোজেবল রাবার বা ল্যাটেক্স গ্লাভস্ পরিধান করবে। যদি নিটস (ডিম) বা উকুন পাওয়া যায় তাহলে নিয়মিত চুলের কন্ডিশনার চুলে প্রয়োগ করা হয় এবং ভালোভাবে চুল আচড়ান হবে। একটি বড় চিরুনি দ্বারা জট দূর করার পর একটি সরু উকুন চিরুনি দ্বারা উকুন এবং নিটস সরানো হবে। প্রত্যেক বাচ্চার জন্য চিকিৎসার মাঝে গ্লাভস্ পরিবর্তন করা হবে। যদি কোন বাচ্চার মাথায় সংক্রমণের উপসর্গ বা ক্ষতের চিহ্ন অথবা সোরিয়াসিস (psoriasis) দেখা যায় তাহলে সেই বাচ্চাকে পরীক্ষা করা বা চিকিৎসা দেয়া হবে না।

এই প্রক্রিয়া সমাপ্তি হলে বাচ্চাদের চুল আচড়িয়ে পরিপাটি করে দেয়া হয়। কন্ডিশনার দিয়ে চুল ধোয়া হবে না, কারণ স্কুলে এটি করা কঠিন। কন্ডিশনার চুলের কোন ক্ষতি করবে না এবং বাচ্চা বাড়ীতে ফিরে গিয়ে তখন তা ধুয়ে নিতে পারবে।

প্রত্যেক চিকিৎসার মাঝে গরম সাবানযুক্ত পানি দিয়ে সকল চিরুনি পরিষ্কার করা হয় এবং গরম পানির শ্রোত ধারায় ধৌত করা হয়, কারণ মাথার উকুন ৬০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় মারা যায়।

পরীক্ষা করে যদি আপনার বাচ্চার মাথায় নিটস, উকুন অথবা নিটস এবং উকুন উভয়ই পাওয়া যায় তাহলে আপনাকে তা জানানোর জন্য বাড়ীতে একটি চিঠি পাঠানো হবে। সকল পিতামাতাকে একটি তথ্যবহুল কাগজ দেয়া হবে যে, কিভাবে মাথার উকুনের চিকিৎসা করতে হয়, যদিও তাদের বাচ্চারা স্কুলের উকুন কার্যক্রমে অংশগ্রহণ নাও করে থাকে।

আমাদের স্কুলে Nitbusters সফল করার জন্য প্রতিটি বাচ্চার অংশগ্রহণ করা দরকার। একটি সংক্রমণযুক্ত মাথাই পুরো শ্রেণীর সংক্রমণের জন্য যথেষ্ট। একটি গুরুত্বপূর্ণ বার্তা এই যে বয়স, লিঙ্গ বা পিছনের প্রেক্ষাপট ব্যতিরেকে যে কাউকেই মাথার উকুন আক্রমণ করতে পারে। সামাজিক ভিত্তিতে এবং অনবরত এই চিকিৎসার প্রয়োজন।

এই কার্যক্রম পুরো স্কুল সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে একসাথে কাজ করে স্কুল সীমানায় ঘরঃনঃঃবৎঃ দিনকে সমন্বয় এবং চালিয়ে নেয়ার জন্য, যাতে একই সময়ে সকল ছাত্র/ছাত্রীদের মাথার উকুন চিকিৎসা করা যায়। স্কুলের অভিভাবক সংগঠন এই দিনের আয়োজন করে যেখানে সাহায্যকারীদের মাধ্যমে সকল বাচ্চার মাথার উকুন পরীক্ষা এবং চিকিৎসা করা হয়। পিতামাতা/সেবাদানকারী স্বেচ্ছাসেবক দ্বারা এই পরীক্ষা করানো হয়, শ্রেণী থেকে শ্রেণী ভিত্তিক করা হয়, কনিষ্ঠ বাচ্চাদেরকে দিনের শুরুতে চিকিৎসা করা হয়। এই কার্যক্রম চিরুনি এবং কন্ডিশনার পদ্ধতি ব্যবহার করে মাথার উকুনের চিকিৎসা করা হয়, এটি একটি নিরাপদ এবং অরাসায়নিক চিকিৎসা যেখানে চিরুনি দিয়ে আচড়িয়ে মাথার উকুন সরানো হয়।

যদি আপনি Nitbusters দিনে আপনার বাচ্চার অংশগ্রহণে সম্মতি দেন তাহলে দয়া করে ইংরেজীতে সম্মতি ফর্মটি পূরণ করুন এবং উপরে প্রদর্শিত তারিখের মধ্যে তা স্কুলে ফেরত পাঠিয়ে দিন। প্রত্যেক বাচ্চার জন্য পৃথক পৃথক সম্মতি ফর্ম স্বাক্ষর করতে হবে।

NSW স্বাস্থ্য Nitbusters-এর ওয়েবসাইটের প্রদেয় তথ্যের ভিত্তিতে এই তথ্য দেয়া হলো।